



## MEMORANDUM OF COOPERATION

between

**Bangladesh Accreditation Council, Bangladesh**

And

**the National Centre for Public Accreditation (NCPA), Russia**

**The National Centre for Public Accreditation (NCPA):** NCPA ২০০৯ সালে প্রতিষ্ঠিত একটি স্বায়ত্তশাসিত অলাভজনক সংস্থা, যা রাশিয়ায় উচ্চ শিক্ষার Accreditation প্রদান করে থাকে।

**Memorandum of Cooperation (MoC):** ২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং রাশিয়ার National Centre for Public Accreditation (NCPA) এর মধ্যে একটি Memorandum of Cooperation (MoC) বা সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং NCPA এর পক্ষে Director Professor Dr. Galina Motova (Russia) সহযোগিতা স্মারকে স্বাক্ষর করেন। সহযোগিতা স্মারকে স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সহজতর হবে। স্বাক্ষরিত সহযোগিতা স্মারকে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে:

- অনুশীলনের মাধ্যমে অ্যাক্রেডিটেশনে প্রক্রিয়ায় পারস্পরিক সহযোগিতা প্রদান।
- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের গুণমান নিশ্চিতকরণে সহযোগিতা করা, অভিজ্ঞতা ও দক্ষতা ভাগ করে নেয়া এবং উচ্চ শিক্ষার স্বীকৃত ও উন্নত অনুশীলনগুলো ছড়িয়ে দেয়া।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে তথ্য এবং মত বিনিময়।
- মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন, নির্বাচিত কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেশনালস্ বিনিময় এবং তাঁদের প্রশিক্ষণ প্রদান।
- কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশনের উন্নয়নে অংশগ্রহণের সুযোগ সৃষ্টিকরণ।
- পারস্পরিক সুবিধার যৌথ গবেষণায় সহযোগিতা করা, গবেষণার ফলাফল শেয়ার করা এবং প্রচার করা।
- অন্যান্য পারস্পরিক সম্মত কার্যক্রমে সহায়তা প্রদান।